

প্রেস বিজ্ঞপ্তি

হিব্বুত তাহরীর-এর কর্মীদের পরিবারের মহিলা সদস্যদেরকে অনতিবিলম্বে মুক্তির দাবি

ছয় মাসেরও অধিক সময় কারাগারে বন্দি করে রাখার পর, গত ২৯/০৩/২০১৭ তারিখে জামিনে মুক্তি লাভের পরে যশোর পুলিশ নির্লজ্জভাবে মাসুমা আক্তারকে যশোর জেল গেট থেকে পুনরায় গ্রেফতার করেছে। তার সাথে তার ছোট ভাই তানজির আহমেদকেও তারা গ্রেফতার করে। পুলিশ মাসুমা আক্তারকে ২৮/০৮/২০১৬ তারিখে ঢাকা মেট্রোপলিটান আদালত প্রাঙ্গণ হতে অবৈধভাবে গ্রেফতার করেছিল; উক্ত তারিখে মাসুমা তার ছোট আরেক ভাই, হিব্বুত তাহরীর-এর কর্মী, তানজিব আহমেদ আদালতে হাজিরা দেয়ার সময় তার সাথে গিয়েছিলেন এবং পুলিশ তখন তাদেরকে গ্রেফতার করে। ইসলামের প্রতি ঘৃণা পোষণকারী যশোর পুলিশ বাহিনীর দুর্বৃত্ত কিছু সদস্য মাসুমার পুরো পরিবারকে হয়রানি ও নিপীড়ন করে যাচ্ছে। এছাড়া, এই দুর্বৃত্তরা গত বছরে হিব্বুত তাহরীর-এর আরেক কর্মীকে আটক করতে ব্যর্থ হয়ে তার স্ত্রী, সুমাইয়াতুন নেসা সুমাইয়াকে গ্রেফতার করে এবং তাকে এখন পর্যন্ত ছয় মাসেরও অধিক সময় কারাগারে বন্দি করে রেখেছে।

মাসুমা আক্তারকে পুনরায় গ্রেফতারের মতো ঘৃণ্য কর্মকাণ্ড করেও এই অসৎ পুলিশ বাহিনী ড়ালম্ব হয়নি। এখন তারা মিডিয়াকে ব্যবহার করে মিথ্যাচারের মাধ্যমে এটাকে একটি আলোড়ন সৃষ্টিকারী ঘটনা হিসেবে প্রচার করার উদ্দেশ্যে আরেকটি নাটক মঞ্চস্থ করার হীন পরিকল্পনা হাতে নিয়েছে। তারা মাসুমার আম্মাকে ডেকে তার কাছে দাবি করেছে যে, তাকে একটি সংবাদ সম্মেলন করতে হবে এবং পুলিশ কর্তৃক তৈরী ও সরবরাহকৃত বক্তব্য উপস্থাপন করতে হবে! হে আল্লাহ! তোমার দুশমনদের জন্য এমন কোন পথ রেখো না যার দ্বারা তারা আমাদের প্রিয় ভাই-বোনদের অনিষ্ট করতে পারে।

হে যশোর পুলিশ বাহিনী! আল্লাহ্'কে ভয় করমন! অনুশোচনা করমন এবং বেশি দেরী হওয়ার পূর্বেই অনতিবিলম্বে মাসুমা আক্তার, তার দুই ভাই এবং সুমাইয়াতুন নেসাকে মুক্তি দিন। নিপীড়িত মানুষদের কষ্ট ও দু'আ-কে ভয় করমন, বিশেষ করে যখন তা কোন ধার্মিক মহিলার অলম্ব থেকে উচ্চারিত হয়। কারণ, এই দু'আ ও আল্লাহ্ আজ ওয়া জাল-এর মধ্যে কোন পর্দা থাকে না। ইতিমধ্যেই আপনারা নিজেদেরকে বিপদজনক অবস্থায় নিপতিত করেছেন, কারণ আপনারা সর্বশক্তিমান আল্লাহ্'র বিরম্বে যুদ্ধে লিপ্ত হয়েছেন। নিশ্চয়ই আল্লাহ্ অত্যাচারীদেরকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অবকাশ দিয়ে থাকেন এবং যখন আপনাদের সময় আসবে তখন তিনি (সুবহানাছ ওয়া তা'আলা) নিশ্চিতভাবেই তাঁর ধার্মিক বান্দাদের বিরম্বে সীমালঙ্ঘনের প্রতিফল হিসেবে উপযুক্ত প্রতিশোধ গ্রহণ করবেন।

আবু হুরায়রাহ্ (রা.) হতে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

“সর্বশক্তিমান আল্লাহ্ বলেন: যে কেউ আমার প্রিয় বান্দার সাথে শত্রুতাপূর্ণ আচরণ করবে, আমি নিশ্চয়ই তার বিরম্বে যুদ্ধ ঘোষণা করব”। (বুখারী)

হিব্বুত তাহরীর-এর মিডিয়া কার্যালয়, উলাই'য়াহ্ বাংলাদেশ